



চিকিৎসাধীন হাদি, আরও একটি সার্জারি প্রয়োজন হলেও শরীর প্রস্তুত নয়



সংগৃহীত ছবি

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদির অবস্থা এখনো সংকটাপন্ন। চিকিৎসকরা জানিয়েছেন, তার আরেকটি অস্ত্রোপচার প্রয়োজন, তবে বর্তমান শারীরিক অবস্থায় তাৎক্ষণিকভাবে সম্ভব নয়।

সিঙ্গাপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন ইনকিলাব মঞ্চের মুখপাত্র ও ঢাকা-৮ আসনের সম্ভাব্য স্বতন্ত্র প্রার্থী শরিফ ওসমান হাদির শারীরিক অবস্থা আশঙ্কাজনক রয়েছে। হাসপাতাল সূত্রে জানা গেছে, প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা শেষে চিকিৎসকরা আরও একটি সার্জারির কথা বলেছেন, তবে শরীর প্রস্তুত না হওয়ায় আপাতত অপেক্ষা করতে হবে।

সোমবার (১৫ ডিসেম্বর) বাংলাদেশ সময় সন্ধ্যা ৫টা ৫০ মিনিটে এয়ার অ্যাম্বুলেন্সে করে হাদি সিঙ্গাপুরে পৌঁছান। সেখান থেকে তাকে সরাসরি হাসপাতালে ভর্তি করা হয়। বর্তমানে তিনি বিশেষজ্ঞ চিকিৎসকদের নিবিড় পর্যবেক্ষণে রয়েছেন।

উল্লেখ্য, গত শুক্রবার বিজয়নগর এলাকায় গুলিবিদ্ধ হওয়ার পর ঢাকায় একাধিক ধাপে তার চিকিৎসা হয়। অবস্থার উন্নতি না হওয়ায় উন্নত চিকিৎসার জন্য তাকে সিঙ্গাপুরে নেওয়া হয়। হাদির চিকিৎসার সব ব্যয় অন্তর্বর্তী সরকার বহন করছে।